# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৯০

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - অগ্রিম বিক্রয় করা এবং বন্ধক রাখা

## আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِأَصْحَابِ الْكَيْلِ وَالْمِيزَانِ: «إِنَّكُمْ قَدْ وُلِّيتُمْ أَمْرَيْنِ هَلَكَتْ فِيهِمَا الْأُمَمُ السَّابِقَة قبلكُمْ» . رَوَاهُ التِّرْمِذِيّ

## বাংলা

২৮৯০-[৮] ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পরিমাপ ও ওযনকারীদের উদ্দেশে বলেছেনঃ তোমাদের ওপর এমন দু’টি দায়িত্ব অর্পিত রয়েছে, যার কারণে পূর্ববর্তী অনেক উম্মাত ও জাতি ধ্বংস হয়েছে। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : তিরমিযী ১২১৭, য‘ঈফ আল জামি‘ ১০৪০। কারণ এর সনদে হাসান বিন কয়স আল ওয়াসিত্বী একজন মাতরূক রাবী।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘‘তোমাদেরকে দু’টি বিষয়ে বিচারক বানানো হয়েছে, তা হলো, ওযন এবং পরিমাপ।’’ আর তাদের ব্যাপারে আল্লাহ তা‘আলা বলেনঃ ‘‘যারা মাপে কম দেয় তাদের জন্যই ধ্বংস’’- (সূরা আল মুতাফফিফীন ৮৩ : ১)। (الْأُمَمُ السَّابِقَةُ قَبْلَكُمْ) পূর্ববর্তী উম্মাতগণ যথা শু‘আয়ব (আঃ)-এর কওমের লোকেরা যখন মানুষদের কাছ থেকে মেপে নিত তখন পূর্ণ করে নিত আর যখন মেপে দিত তখন কম করে দিত। (তুহফাতুল আহওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১২১৭)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68217

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন